Website: www.nabagramackcollege.in or www.nackconline.com * Phone:9907464847 * Email:nackcollege@yahoo.com

Nabagram Amar Chand Kundu College

(Govt. aided & affiliated to the University of Kalyani)

Nabagram * Murshidabad * Pin – 742184

Ref. No……………….. Date: 01/07/2023

# FAQ for Admission 2023-24.

**প্রশ্ন: এবছর কলেজে U.G. কোর্সে ভর্তি হওয়ার ক্ষেত্রে কি কোন নিয়ম পরিবর্তন হয়েছে ?**

**উত্তর:** হ্যাঁ, "জাতীয় শিক্ষানীতি ২০২০" মেনে কল্যাণী বিশ্ববিদ্যালয়ের ২০২৩-২৪ শিক্ষাবর্ষ থেকে U.G. কোর্সে প্রথম সেমেস্টারে ভর্তির নিয়ম পরিবর্তন হয়েছে।

**প্রশ্ন: কল্যাণী বিশ্ববিদ্যালয় অনুমোদিত কলেজে U.G. কোর্সে প্রথম সেমেস্টারে ভর্তি হওয়ার ক্ষেত্রে নতুন কি নিয়ম হয়েছে ?**

**উত্তর:** কল্যাণী বিশ্ববিদ্যালয় ২০২৩-২৪ শিক্ষাবর্ষ থেকে প্রথম সেমেস্টারে ভর্তির ক্ষেত্রে চার বছর (৪ সেমিস্টার) এর U.G. কোর্স প্রযুক্ত করেছে। এই সংক্রান্ত বিশদে জানতে ভর্তির বিজ্ঞপ্তি দেখতে হবে ।

**প্রশ্ন: এখন ব্যাচেলার ডিগ্রির জন্য কি চার বছর (8 সেমিস্টার) পড়া বাধ্যতামূলক ?**

**উত্তর:** না, চার বছর (৪ সেমিস্টার) পড়া বাধ্যতামূলক নয়, কল্যাণী বিশ্ববিদ্যালয় নির্দিষ্ট কোর্স স্ট্রাকচার অনুসারে পড়া সম্পূর্ণ করলে নিম্নলিখিত ডিগ্রী গুলি পাওয়া যাবে:

প্রথম বছরে দুটি সেমেস্টার সম্পূর্ণ করলে **UG Certificate** ডিগ্রী পাওয়া যাবে।

দ্বিতীয় বছরে চারটি সেমেস্টার সম্পূর্ণ করলে **UG Diploma** ডিগ্রী পাওয়া যাবে।

তৃতীয় বছরে ছয়টি সেমেস্টার সম্পূর্ণ করলে **Basic UG Degree with Major** পাওয়া যাবে।

চার বছরে আটটি সেমেস্টার সম্পূর্ণ করলে **UG Degree (Honours / Honours with Research)** পাওয়া যাবে।

**প্রশ্ন: এবছর U.G. কোর্সে প্রথম সেমেস্টারে কি অনার্স বা পাস কোর্সে ভর্তি হওয়া যাবে ?**

**উত্তর:** না, কল্যাণী বিশ্ববিদ্যালয় ২০২৩-২৪ শিক্ষাবর্ষ থেকে U.G. কোর্সে অনার্স ও পাস কোর্সের পরিবর্তে শুধুমাত্র নিজের পছন্দের একটি Major ও দুটি Minor বিষয় নিয়ে প্রত্যেককে প্রথম সেমেস্টারে ভর্তি হওয়ার নিয়ম লিপিবদ্ধ করেছে।

**প্রশ্ন: তাহলে অনার্স বিষয় পড়ার কি কোনো সুযোগ নেই ?**

**উত্তর:** Major বিষয়ই অনার্স বিষয়ের সমতুল্য এবং চার বছরে আটটি সেমেস্টার সম্পূর্ণ করলে Major বিষয়ের উপর **U.G. Degree (Honours / Honours with Research)** পাওয়া যাবে (শর্তাবলী প্রযোজ্য )।

**প্রশ্ন: Major Subject কি?**

**উত্তর:** Major হল Core বা প্রধান বিষয় যার উপর ছাত্রছাত্রীদের বেশি ফোকাস করতে হবে এবং এই বিষয়ের উপর ডিগ্রি প্রদান করা হবে।

**প্রশ্ন: Minor Subject কি?**

**উত্তর:** Major বিষয়ের পরিপূরক দ্বিতীয় পছন্দের বিষয় হল Minor বিষয়।

**প্রশ্ন: নবগ্রাম আমর চাঁদ কুন্ডু কলেজে Major ও Minor হিসাবে কোন কোন বিষয় আছে ?**

**উত্তর:** নবগ্রাম আমর চাঁদ কুন্ডু কলেজে Major ও Minor হিসাবে **Arabic, Bengali, Education, English, History, Political Science, Sanskrit** বিষয় আছে।

Principal
Nabagram Amar Chand Kundu College
Nabagram, Murshidabad